রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারী ১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ই পৌষ, ১৪০৮বাং/২৯ শে ডিসেম্বর, ২০০১ইং

নং ৩৩৪-আইন/২০০১—Dock Workers' (Regulation of Employment) Act, 1980 (XVII of 1980) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্‌সংক্রান্ত বিদ্যমান সকল স্কীম বাতিলক্রমে নিম্নরূপ স্কীম প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই স্কীম চট্টগ্রাম বন্দর ডক-শ্রমিক (নিয়োগ-নিয়ন্ত্রণ) স্কীম, ২০০১ নামে অভিহিত হইবে।

২। প্রয়োগ।—(১) এই স্কীম প্রথম তফসিলে উল্লিখিত শ্রেণীর ডক-শ্রমিক এবং তাহাদের নিয়োগকারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই স্কীমের কোন কিছুই বাংলাদেশ নৌবাহিনীর কোন জাহাজ এবং সরকার কর্তৃক নির্দিষ্টকৃত কোন জাহাজ দ্বারা বহনকৃত কার্গোর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই স্কীমে—

(ক) "আইন" অর্থ Dock Workers' (Regulation of Employment) Act, 1980 (XVII of 1980) ;



মূল্য ঃ টাকা ৪.০০

(খ) "কর্তৃপক্ষ" অর্থ Chittagong Port Authority Ordinance, 1976 (LII of 1976) এর অধীন গঠিত Chittagong Port Authority;

(গ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(ঘ) "ডক-শ্রমিক" অর্থ আইন এর section 2 (f) এ সংজ্ঞায়িত "dock worker";

(ঙ) "তফসিল" অর্থ এই স্কীমের সহিত সংযোজিত কোন তফসিল;

(চ) "নিয়োগকারী" অর্থ আইন এর section 2(g) এ সংজ্ঞায়িত "employer";

(ছ) "বোর্ড" অর্থ আইন এর section (4) এর অধীন গঠিত "Dock Workers Management Board";

(জ) "ভাইস-চেয়ারম্যান" অর্থ বোর্ডের ভাইস-চেয়ারম্যান।

৪। **ডক-শ্রমিকের নিবন্ধন।**—(১) এই স্কীম বলবৎ হইবার সংগে সংগে Chittagong Port Dock Workers' (Regulation of Employment) Scheme, 1986 এর অধীন নিবন্ধিত সকল ডক-শ্রমিক এই স্কীমের অধীন নিবন্ধিত ডক-শ্রমিক বলিয়া গণ্য হইবেন।

(২) বোর্ড, প্রয়োজন সাপেক্ষে; সাময়িকভাবে প্রয়োজনীয় সংখ্যক ডক-শ্রমিক নিবন্ধন করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ-(২) এর অধীন সাময়িকভাবে নিবন্ধনের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তাহার বয়স ১৮ বৎসরের উর্ধ্বে বা ৫০ বৎসরের নিম্নে না হয়;

(গ) তিনি তাহার উপর অর্পিত কার্য সম্পাদনে শারীরিকভাবে যোগ্য না হন।

(৪) সাময়িকভাবে নিবন্ধিত কোন ডক-শ্রমিককে স্থায়ীভাবে নিবন্ধন করা যাইবে না, যদি,—

(ক) বোর্ডের নিকট প্রতীয়মান হয় যে, তাহার আচরণ ও কর্ম অন্যূন দুই বৎসর মেয়াদে সন্তোষজনক ছিল না;

(খ) তিনি সংশ্লিষ্ট কাজ করিবার জন্য শারীরিকভাবে যোগ্য না হন; এবং

(গ) তিনি বোর্ড কর্তৃক, সময়ে সময়ে, যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই প্রশিক্ষণ সফলতার সাথে সম্পন্ন না করেন।

৫। **ডক-শ্রমিক নিবন্ধনের আবেদন**।—(১) অনুচ্ছেদ ৪ (২) এর অধীন নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি, দ্বিতীয় তফসিলের নির্ধারিত ফরম পূরণ সাপেক্ষে, বোর্ডের নিকট ৩০ (ত্রিশ) টাকা নিবন্ধন ফিস প্রদান করিয়া নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন দাখিলকৃত নিবন্ধনের আবেদনে প্রত্যেক ব্যক্তি এই স্কীমের অধীন তাহার উপর অর্পিত সকল কার্য সম্পাদন করিবেন মর্মে ঘোষণা প্রদান করিবেন।

(৩) ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ ফরম সম্বলিত কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

৬। **নিবন্ধিত ডক-শ্রমিকের দায়িত্ব**।—(১) নিবন্ধিত ডক-শ্রমিকের মধ্যে যাহাকে কাজের নিমিত্তে পাওয়া যাইবে তিনি ভাইস-চেয়ারম্যান বা বোর্ড হইতে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশ পালন করিবেন এবং তদকর্তৃক নির্ধারিত সময়ে কল স্টেশন বা কন্ট্রোল পয়েন্টে রিপোর্ট করিবেন এবং নির্দেশিত সময় পর্যন্ত দায়িত্ব পালন করিবেন।

(২) কোন নিবন্ধিত নিয়োগকারীর অধীন কাজের জন্য বোর্ড দ্বারা নির্ধারিত কর্মকর্তা কর্তৃক বরাদ্দকৃত ডক-শ্রমিক ঐ নিবন্ধিত নিয়োগকারী বা তাহার এজেন্ট, প্রতিনিধি বা সুপারভাইজারের নির্দেশ অনুসারে চট্টগ্রাম বন্দরের নিয়মাবলী অনুসরণ করিয়া কর্তব্য পালন করিবেন।

৭। **রেজিস্টার সংরক্ষণ, ইত্যাদি**।—(১) বোর্ড, তদকর্তৃক নির্ধারিত ফরমে, একটি ডক-শ্রমিক রেজিস্টার ও একটি নিয়োগকারী রেজিষ্টার সংরক্ষণ করিবে, যাহাতে নিবন্ধিত ডক-শ্রমিক এবং নিয়োগকারীর নাম এবং অন্যান্য বিবরণ অন্তর্ভুক্ত থাকিবে।

(২) এই স্কীমের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন মিথ্যা তথ্য প্রদান করিয়া বা সঠিক তথ্য গোপন করিয়া কোন ডক-শ্রমিক বা নিয়োগকারীর নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হইলে বোর্ড তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট রেজিস্টার হইতে তাহার নাম কর্তন করিবে ঃ

তবে শর্ত থাকে যে, কোনরূপ কারণ না দর্শাইয়া এইরূপে নাম কর্তন করা যাইবে না।

৮। **ডক-শ্রমিকের সংখ্যা নির্ধারণ**।—বোর্ড, কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে, সময় সময় বিভিন্ন শ্রেণীর ডক-শ্রমিকের সংখ্যা নির্ধারণ করিবে।

৯। **কার্ড সরবরাহ**।—(১) নিবন্ধিত প্রত্যেক ডক-শ্রমিক বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত কার্ড প্রাপ্য হইবেন, যথা ঃ—

(ক) পরিচয়পত্র কার্ড ;

(খ) হাজিরা কার্ড ;

(গ) মজুরী কার্ড।

(২) কোন ডক-শ্রমিকের কার্ড হারাইয়া গেলে বোর্ড, তদকর্তৃক নির্ধারিত মূল্য আদায় সাপেক্ষে, সংশ্লিষ্ট ডক-শ্রমিকের বরাবরে নূতন কার্ড ইস্যু করিতে পারিবে।

১০। **কার্ড সমর্পণ**।—(১) নিবন্ধিত ডক-শ্রমিকের মৃত্যুর পর, তদবরাবরে দেয় কার্ড তাহার উত্তরাধিকরী বোর্ডের নিকট সমর্পণ করিবেন।

(২) কোন নিবন্ধিত ডক-শ্রমিককে এই স্কীমের বিধান অনুসারে সাময়িকভাবে বরখাস্ত করা হইলে বা তাহার নাম রেজিষ্ট্রার হইতে কর্তন করা হইলে উক্ত ডক-শ্রমিক তাহাকে সরবরাহকৃত কার্ড বোর্ডের নিকট সমর্পণ করিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এবং (২) এর অধীন বোর্ডের নিকট কার্ড সমর্পণ না করা পর্যন্ত তাহার সকল পাওনা স্থগিত রাখা হইবে।

১১। **কার্ডের ব্যবহার**।—(১) কোন ডক-শ্রমিককে কোন কাজ করিতে দেওয়া হইবে না যদি তিনি তাহার নিয়োগকালীন সময়ে তাহার বৈধ পরিচয়পত্র কার্ড নিয়োগকারী বা নিয়োগকারী হইতে কর্তৃত্বপ্রাপ্ত প্রতিনিধির নিকট চাহিবামাত্র জমা না রাখেন।

(২) নিয়োগ কর্তার অধীনে নিয়োগের জন্য বরাদ্দ দেওয়ার পূর্বে প্রত্যেক ডক-শ্রমিক তাহার—

(ক) হাজিরা কার্ড বোর্ডের সহকারী পার্সোনাল ম্যানেজার ; এবং

(খ) মজুরী কার্ড প্রত্যেক পনের দিন পর উহাতে প্রয়োজনীয় এন্ট্রী অন্তর্ভুক্ত করিবার জন্য বোর্ডের ফাইন্যান্স ও একাউন্টস অফিসারের নিকট পেশ করিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) (খ) এ উল্লিখিত এন্ট্রী পূরণক্রমে মজুরী কার্ড সংশ্লিষ্ট ব্যাংকে জমা করা না হইলে কোন ডক-শ্রমিক মজুরী প্রাপ্ত হইবেন না।

১২। **স্বাস্থ্য পরীক্ষা**।—(১) কোন ব্যক্তিকে ডক-শ্রমিক হিসাবে নিবন্ধন করা যাইবে না যদি নিবন্ধনের জন্য উক্ত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে বোর্ড কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিবন্ধন লাভে যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা তাহার উপর অর্পিত কার্য সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে।

(২) বোর্ডের সিদ্ধান্ত অনুসারে সকল নিবন্ধিত বা নির্দিষ্ট কোন ডক-শ্রমিক, সময় সময় বোর্ড কর্তৃক মনোনীত মেডিকেল অফিসার দ্বারা তাহাদের স্বাস্থ্য পরীক্ষা করাইবে।

(৩) মেডিকেল অফিসার দ্বারা স্বাস্থ্যগতভাবে অযোগ্য বলিয়া প্রত্যায়নকৃত ডক-শ্রমিককে বোর্ড তাৎক্ষণিকভাবে কাজ হইতে অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ দিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট ডক-শ্রমিক আদেশ জারীর ৩০ দিনের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস প্রদানক্রমে ভাইস-চেয়ারম্যানের নিকট আপীল করিতে পারিবেন।

(৫) ভাইস-চেয়ারম্যান অনুরূপ আপীল আবেদন প্রাপ্তির পর একটি মেডিকেল বোর্ড গঠন করিয়া পরবর্তী ৩০ দিনের মধ্যে প্রতিবেদন দেওয়ার জন্য নির্দেশ দিবেন।

(৬) মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত প্রতিবেদন চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে।

১৩। **ডক-শ্রমিকের পদোন্নতি।**—(১) তফসিল ১ এ বর্ণিত নিবন্ধিত কোন শ্রেণীর ডক-শ্রমিক এর সাময়িক শূন্য পদ ছাড়া অন্যান্য শূন্য পদ উক্ত নিবন্ধিত ডক-শ্রমিক এর নিম্ন শ্রেণীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।

(২) পদোন্নতির শর্ত এবং পদ্ধতি বোর্ড কর্তৃক, সময় সময় নির্ধারণ করা হইবে।

১৪। **শিফটে নিয়োগ।**—(১) নিবন্ধিত সকল ডক-শ্রমিককে শিফট ভিত্তিতে নিয়োগ করা হইবে।

(২) কোন নিবন্ধিত ডক-শ্রমিককে সাধারণত একাদিক্রমে দুইটি শিফটে নিয়োগ করা হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, ভাইস-চেয়ারম্যান, বিশেষ কারণ উল্লেখপূর্বক, এই অনুচ্ছেদের বিধি-নিষেধ শিথিল করিতে পারিবেন।

১৫। **ডক-শ্রমিকের বুকিং ইত্যাদি।**—(১) নিবন্ধিত ডক-শ্রমিকের বুকিং পদ্ধতি ভাইস-চেয়ারম্যান কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন বুকিং করা ডক-শ্রমিক নিবন্ধিত নিয়োগকারীর রিকুইজিশনের ভিত্তিতে বা ক্ষেত্রমত, প্রয়োজন অনুসারে গ্যাং ভিত্তিক কাজ করিবেন।

১৬। **মজুরী জমা রাখা।**—(১) প্রত্যেক নিবন্ধিত নিয়োগকারী, ডক-শ্রমিকের প্রদেয় মজুরী বোর্ডের তহবিলে মজুরী খাতে জমা রাখিবেন।

(২) কোন নিবন্ধিত ডক-শ্রমিকের নিয়োগের জন্য বরাদ্দ দেওয়ার পূর্বে নিবন্ধিত নিয়োগকারী উপ-অনুচ্ছেদ (১) এর অধীন মজুরী অগ্রীম জমা প্রদান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী সমিতি কর্তৃক বোর্ডের নিকট নিয়োগকারীর পক্ষে যুক্তিসংগত অর্থ জমা রাখা হইলে বোর্ড এই শর্ত শিথিল করিতে পারিবে।

১৭। **নিবন্ধিত নিয়োগকারী কর্তৃক ডক-শ্রমিক নিয়োগ।**—নিবন্ধিত নিয়োগকারী ব্যতীত অন্য কোন ব্যক্তি ডক-শ্রমিক নিয়োগ করিবেন না।

১৮। ডক-শ্রমিকের বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা।—(১) যেক্ষেত্রে নিবন্ধিত নিয়োগকারী বা এতদুদ্দেশ্যে তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির মতে কোন নিবন্ধিত ডক-শ্রমিক অসদাচরণের দায়ে দোষী, সেক্ষেত্রে নিয়োগকারী বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত শ্রমিককে, বোর্ডের নিকট অবহিতকরণ সাপেক্ষে, শিফটের সম্পূর্ণ বা অসম্পূর্ণ মেয়াদের জন্য, কাজ হইতে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোন শ্রমিকের সাময়িকভাবে বরখাস্ত অন্য কোন নিয়োগকারীর অধীন নিয়োগপ্রাপ্তিতে অযোগ্য বলিয়া বিবেচিত হইবে এবং এই ব্যবস্থা একাদিক্রমে ৩ (তিন) টি ডিউটি এবং সর্বোচ্চ ৭ (সাত) টি ডিউটি পর্যন্ত চলিবে।

(৩) বোর্ডের সহকারী পার্সোনেল ম্যানেজার এর এমন কর্মকর্তার নিকট কোন ডক-শ্রমিক অসদাচরণের দায়ে দোষী বিবেচিত হইলে, র্তা সংশ্লিষ্ট ডক-শ্রমিককে কোন নিয়োগকারীর অধীন অনধিক ১৫ (পনের) টি ডিউটি তে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবেন।

(৪) এই অনুচ্ছেদের অধীন কোন ডক-শ্রমিক বৎসরে দুই বারের অধিক সাময়িকভাবে বরখাস্ত হইলে, ভাইস-চেয়ারম্যান তাহার নাম শ্রমিকের তালিকা হইতে কর্তন করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ডক-শ্রমিককে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ প্রদান না করিয়া এই উপ-অনুচ্ছেদের অধীন কোন ব্যবস্থা নেওয়া যাইবে না

(৫) কোন ডক-শ্রমিক তাহার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার ব্যাপারে অবহিত হইবার ৭ (সাত) দিনের মধ্যে—

(ক) চেয়ারম্যানের নিকট আপীল করিতে পারিবেন, যদি শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষ ভাইস-চেয়ারম্যান হন ;

(খ) ভাইস-চেয়ারম্যানের নিকট আপীল করিতে পারিবেন, যদি শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষ নিয়োগকারী বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা সহকারী পার্সোনাল ম্যানেজার হন।

(৬) উপ-অনুচ্ছেদ (৫) অনুসারে আপীল আবেদন প্রাপ্তির ১০ দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে এবং উহার উপর প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৭) আপীল কর্তৃপক্ষ কর্তৃক অভিযুক্ত ডক-শ্রমিক অভিযোগ হইতে অব্যাহতি পাইলে সাময়িক বরখাস্তের কারণে তাহার যে ক্ষতি হইয়াছে তজ্জন্য বোর্ড বা,ক্ষেত্রমত, নিয়োগকারী ক্ষতিপূরণ প্রদান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, এই ধরনের ক্ষতিপূরণ দৈনিক স্বাভাবিক সময়ের মজুরীর ভিত্তিতে পরিশোধ করা হইবে।

(৮) এই অনুচ্ছেদে "অসদাচারণ" অর্থে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত হইবে, যথাঃ—

(ক) একাকী বা অন্যদের সাথে একত্রিত হইয়া নিয়োগকারী বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত এজেন্ট বা পরিদর্শক বা বোর্ডের কোন কর্মকর্তার আইনানুগ আদেশ ইচ্ছাকৃতভাবে অমান্য করা ;

(খ) নিয়োগকারী, বোর্ড বা বন্দরে কোন সম্পদ চুরি করা বা নিয়োগকারীর সহিত প্রতারণা বা তাহার ব্যবসায়ে অ-নৈতিক বা অসৎ কিছু করা ;

(গ) ডকের কাজের জন্য বে-আইনীভাবে বকশিস বা ঘুষ গ্রহণ করা বা চাওয়া ;

(ঘ) বুকিং এর সময়, অনুমতি ব্যতিরেকে, একাদিক্রমে ১০টি হাজিরা হইতে অনুপস্থিত থাকা ;

(ঙ) কাজে দেরীতে হাজিরা দেওয়া বা নির্ধারিত সময়ের পূর্বে কাজ হইতে চলিয়া যাওয়া ;

(চ) নিয়োগকারী বা তাহার মনোনীত এজেন্ট এর নিকট পরিচয়পত্র কার্ড জমা রাখিতে অস্বীকার করা ;

(ছ) কর্তৃপক্ষ বা বোর্ডের নিকট প্রযোজ্য হয় এমন কোন আইন, স্কীম, বিধি বা প্রবিধান লঙ্ঘন করা ;

(জ) বুকিং অফিস, ওয়ার্কিং পয়েন্ট বা অন্য কোন সংশ্লিষ্ট জায়গায় উচ্ছৃঙ্খল ব্যবহার করা বা রাষ্ট্র বিরোধী বা শৃঙ্খলা হানিকর কোন কাজ করা ;

(ঝ) নিবন্ধিত নিয়োগকারীর অধীন কোন বুকিং বা বরাদ্দ গ্রহণের বিরুদ্ধে অন্যদিগকে প্ররোচিত করা ;

(ঞ) কাজে অবহেলা করা, অন্যায়ভাবে কর্মবিরতি করা বা অনুরূপ কিছু করার জন্য অন্যদিগকে প্ররোচিত করা ;

(ট) কম কার্গো হ্যান্ডলিং করা, কাজ কম বা মন্থর করা।

১৯। **নিয়োগকারীর নিবন্ধন।**—(১) কর্তৃপক্ষ হইতে লাইসেন্সপ্রাপ্ত সকল নিয়োগকারী এই স্কীমের অধীন এক বৎসরের জন্য সাময়িকভাবে নিবন্ধিত হইবে।

(২) সাময়িকভাবে নিবন্ধিত নিয়োগকারীর নিয়োগের মেয়াদ উপ-অনুচ্ছেদ (১) এ নির্ধারিত এক বৎসর সমাপ্ত হইবার পর বোর্ডের সন্তুষ্টি মোতাবেক যদি দেখা যায় যে উক্ত নিয়োগকারী আর্থিকভাবে স্বচ্ছল বা স্কীমের অধীন অন্যান্য দায়িত্ব পালনে সক্ষম তাহা হইলে তাহাকে স্থায়ীভাবে নিবন্ধন করা হইবে।

২০। **নিয়োগকারীর নিবন্ধনের আবেদন**।—(১) অনুচ্ছেদ ১৯ এর অধীন নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি বা সংস্থা, তৃতীয় তফসিলে নির্ধারিত ফরম পূরণ সাপেক্ষে, বোর্ডের নিকট ৫ (পাঁচ) হাজার টাকা নিবন্ধন ফিস প্রদান করিয়া নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন বা পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীনে দাখিলকৃত নিবন্ধনের আবেদনে প্রত্যেক ব্যক্তি এই স্কীমের অধীন তাহার উপর অর্পিত সকল দায়িত্ব মানিয়া চলিবেন মর্মে ঘোষণা প্রদান করিবেন।

(৩) ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ ফরম সম্বলিত কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

২১। **নিবন্ধিত নিয়োগকারীর দায়িত্ব**।—(১) নিবন্ধিত নিয়োগকারী কার্গো হ্যান্ডলিং এর জন্য বোর্ড হইতে বরাদ্দকৃত ডক-শ্রমিক ব্যতীত অন্য কোন শ্রমিককে নিয়োগ করিবেন না।

(২) ভিন্নভাবে নির্দেশিত না হইলে, প্রত্যেক নিবন্ধিত নিয়োগকারী তাহার নিয়োজিত প্রত্যেক ডক-শ্রমিক কর্তৃক যে টনেজ হ্যান্ডলিং করা হইয়াছে উহার এবং উক্ত শ্রমিক সম্পর্কে চাহিদা মোতাবেক পরিসংখ্যান ডাটা বোর্ডের নিকট জমা করিবেন।

(৩) প্রত্যেক নিবন্ধিত নিয়োগকারী বোর্ড কর্তৃক নির্ধারিত রেকর্ড সংরক্ষণ করিবেন এবং নিবন্ধিত ডক-শ্রমিকের ব্যাপারে তাহার কৃত কাজের রেকর্ড এবং অন্যান্য দলিল বোর্ডে বা বোর্ড হইতে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৪) প্রত্যেক নিবন্ধিত নিয়োগকারী বোর্ড কর্তৃক নির্ধারিত সাজ-সরঞ্জাম ও যন্ত্রপাতি সংরক্ষণ করিবেন।

২২। **নিয়োগকারী রেজিস্টার হইতে নাম কর্তন**।—(১) বোর্ডের নিকট হইতে এই স্কীমের অধীন নিবন্ধিত কোন নিয়োগকারী দায়িত্ব পালনে ব্যর্থ হইয়াছেন বা পালন করিতেছেন না বলিয়া প্রতীয়মান হইলে বোর্ড উক্ত নিয়োগকারীকে তদকর্তৃক উল্লিখিত সময় সীমার মধ্যে দায়িত্ব পালন সম্পর্কিত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ দিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রদত্ত নির্দেশ পালনে কোন নিবন্ধিত নিয়োগকারী ব্যর্থ হইলে, বোর্ড অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তাহাকে যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান করিয়া তাহার নাম সংশ্লিষ্ট রেজিস্টার হইতে কর্তন করিতে পারিবেন।

২৩। **চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এর বিশেষ শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণের ক্ষমতা**।—এই স্কীমে যাহা কিছুই থাকুক না কেন, যদি চেয়ারম্যান বা, ক্ষেত্রমত, ভাইস-চেয়ারম্যান এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন নিবন্ধিত ডক-শ্রমিক ডকের কোন কাজে ধীরে চলো নীতি (গো-স্লো) তে অংশ গ্রহণ করিতেছেন বা কাজে বাঁধা সৃষ্টি করিবার জন্য অন্যদিগকে প্ররোচিত করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত শ্রমিককে যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান করিয়া, অনধিক তিন মাস মেয়াদের জন্য সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবেন।

২৪। **ডক-শ্রমিকের অনুপস্থিতির অনুমোদন**—(১) কোন নিবন্ধিত ডক-শ্রমিককে, তদকর্তৃক প্রদত্ত লিখিত অনুপস্থিতির আবেদন প্রাপ্তি সাপেক্ষে,—

(ক) ভাইস-চেয়ারম্যান ১২০ (একশত বিশ) দিন সময় পর্যন্ত;

(খ) বোর্ড কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিন সময় পর্যন্ত;

কার্য হইতে অনুপস্থিত থাকিবার অনুমোদন দিতে পারিবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন অনুমোদনকৃত অনুপস্থিতিকাল অতিবাহিত হইবার পর কোন ডক-শ্রমিক কাজে যোগদান না করিলে ভাইস-চেয়ারম্যান উক্ত সময় অন্তে, যে কোন সময়, সংশ্লিষ্ট শ্রমিকের নাম সংশ্লিষ্ট রেজিস্টার হইতে কর্তন করিতে পারিবেন ঃ

শর্ত থাকে যে, অননুমোদিত অনুপস্থিতির কারণে ভাইস-চেয়ারম্যান সংশ্লিষ্ট শ্রমিকের নাম সংশ্লিষ্ট রেজিস্টার হইতে কর্তন করিতে পারিবেন ঃ

আরো শর্ত থাকে যে, ভাইস-চেয়ারম্যান যদি সন্তুষ্ট হন যে, উক্ত অনুপস্থিতি ঐ শ্রমিকের আওতা বহির্ভূত কারণে সংঘটিত হইয়াছে, অনুরূপ ক্ষেত্রে, তিনি ঐ শ্রমিকের অননুমোদিত অনুপস্থিতি নিয়মিত করিতে পারিবেন। এই ধরণের অনুপস্থিতি নিয়মিত করিবার, সময়সীমা পূর্ব অনুমোদিত অনুপস্থিতিসহ, একাদিক্রমে ১২০ (একশত বিশ) দিন সময়ের বেশী হইবে না।

২৫। **সার্ভিস রেকর্ড ও রেকর্ড সীট**।—বোর্ড তদকর্তৃক নির্ধারিত ফরমে নিবন্ধিত ডক-শ্রমিকের জন্য একটি সার্ভিস রেকর্ড ও নিয়োগকারীর জন্য একটি রেকর্ড সীট সংরক্ষণ করিবে।

২৬। **স্কীম প্রযোজ্য না হওয়ার পরিস্থিতি**।—(১) এই স্কীমের প্রয়োগ কোন নিবন্ধিত ডক-শ্রমিক বা নিয়োগকারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যদি তাহার নাম এই স্কীমের বিধান অনুসারে সংশ্লিষ্ট রেজিস্টার হইতে স্কীমের বিধানাবলী সাপেক্ষে, কর্তন করা হয়।

(২) এই ধারার কোন কিছুই কোন নিয়োগকারীর বা ডক-শ্রমিকের এমন কোন দায়িত্ব বা অধিকার ক্ষুণ্ন করিবে না যাহা রেজিস্টারে তাহার নাম থাকাকালীন সময়ে তাহা দায়িত্ব বা, ক্ষেত্রমত, অধিকার ছিল।

২৭। **জরুরী অবস্থায় বিশেষ ব্যবস্থা**।—(১) কোন সময় কর্তৃপক্ষ যদি বোর্ডকে লিখিতভাবে অবগত করে যে, বন্দরের কাজ ক্ষুণ্নকারী বিশেষ পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তাহা হইলে চেয়ারম্যান জরুরী অবস্থা মোকাবেলায় বিশেষ ব্যবস্থা নেওয়া প্রয়োজন বিবেচনা করিলে, ডকের কাজের জন্য বহিরাগত শ্রমিক নিয়োগ করিবার ব্যাপারে নিবন্ধিত নিয়োগকারীকে ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

(২)। নিবন্ধিত নিয়োগকারী কর্তৃক উপ-অনুচ্ছেদ (১) বা এই স্কীমের অন্য কোন বিধান অনুসারে বহিরাগত শ্রমিক নিয়োগ করা হইলে, তাহারা উক্ত নিয়োগকারী কর্তৃক সরাসরি মজুরী প্রাপ্য হইবেন।

২৮। স্কীম পরিচালনার খরচ। —(১) স্কীম পরিচালনা বাবদ সম্পূর্ণ খরচ বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, বেনিফিসিয়ারীর উপর আরোপিত লেভী বাবদ প্রাপ্ত অর্থ হইতে ব্যয় করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন বেনিফিসিয়ারী কর্তৃক প্রদেয় লেভী রেট বোর্ড কর্তৃক ব্রেক বাল্ক কার্গো ও কনটেইনারের কার্গোর টনেজ এর ভিত্তিতে এবং কনটেইনারের সংখ্যার ভিত্তিতে নির্ধারণ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ডকের বিভিন্ন কাজের জন্য ভিন্ন ভিন্ন রেট নির্ধারিত হইতে পারে।

(৩) বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে বেনিফিসিয়ারী লেভীর অর্থ বোর্ডের নিকট জমা করিবে।

(৪) কোন বেনিফিসিয়ারী যদি উপ-অনুচ্ছেদ (১) এর অধীন বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে লেভী পরিশোধ করিতে ব্যর্থ হয়, তাহা হইলে ভাইস-চেয়ারম্যান উক্ত বেনিফিসিয়ারীকে এই মর্মে নোটিশ প্রদান করিবেন যে, তিনি যদি লেভী বাবদ তাহার দেনা ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ না করেন, সেক্ষেত্রে, সারচার্জসহ উক্ত অর্থ আদায়ের অধিকার অক্ষুণ্ন রাখিয়া, তাহার কাজে বা তাহার জাহাজে ডক-শ্রমিক সরবরাহ স্থগিত করা হইবে।

(৫) এই অনুচ্ছেদে "বেনিফিসিয়ারী" অর্থ কর্তৃপক্ষ, জাহাজ মালিক বা তাহাদের এজেন্ট, চার্টারার বা তাহাদের এজেন্ট, কন্টেইনার মালিক বা তাহাদের এজেন্ট এবং নিবন্ধিত নিয়োগকারীসহ ডক-শ্রমিক নিয়োগের কারণে উপকৃত হয় এমন সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(৬) যে সকল ভেসেলের ষ্টিভেডর, জাহাজ মালিক বা ডিক্লারিং এজেন্ট ছাড়া অন্যান্য এজেন্ট কর্তৃক নিযুক্ত হয়, সেই সকল এজেন্সী ভেসেলের কাজ শুরু হইবার পূর্বে আনুমানিক টনেজের ভিত্তিতে লেভী বোর্ডের নিকট জমা করিবে।

২৯। প্রশিক্ষণ।—বোর্ড, আদেশ দ্বারা, সময় সময়, নিবন্ধিত ডক-শ্রমিক বা ডক-শ্রমিক হিসাবে নিয়োগপ্রাপ্ত হইতে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণের ব্যবস্থা করিতে পারিবে।

৩০। কল্যাণ কর্মসূচী।—বোর্ড, আদেশ দ্বারা, নিবন্ধিত ডক-শ্রমিকের প্রভিডেন্ট ফান্ড, গ্রুপ ইন্সুরেন্স ফান্ড, বেনোভোলেন্ড ফান্ড এবং তাহাদের কল্যাণের জন্য অন্যান্য সকল বিধান করিতে পারিবে।

## প্রথম তফসিল

[অনুচ্ছেদ ৩(ঘ) দ্রষ্টব্য]

**বিভিন্ন শ্রেণীর ডক-শ্রমিক**

১। সর্দার;

২। মেট;

৩। বিশেষ শ্রমিক ঃ (রিগিং,উইন্স চালনা ও সিগন্যাল প্রদান কাজের জন্য বুকিং প্রাপ্ত শ্রমিক) ঃ

তবে শর্ত থাকে যে, বোর্ডের সাথে ইতিমধ্যে নিবন্ধিত উইন্সম্যান, রিগারস ও সিগন্যালম্যানগণ বিশেষ শ্রমিক নামে অভিহিত হইবে।

৪। সাধারণ শ্রমিক ঃ (জাহাজে কন্টেইনার ও মালামাল হ্যান্ডলিং, সেলাই এবং শেডে/ইয়ার্ডে কন্টেইনার স্টাফিং/আনস্টাফিং, মালামাল হ্যান্ডলিং ও আনুষাঙ্গিক কাজে বুকিং প্রাপ্ত শ্রমিক) ঃ

তবে শর্ত থাকে যে, বোর্ডের সাথে ইতিমধ্যে নিবন্ধিত খামালী, রোলাইয়া, সেলাইওয়ালা, জেনারেল লেবার(ঠিকা), জেনারেল লেবার (দৈনিক জেটি), জেনারেল লেবার (বাল্ক) এবং বোর্ডের নিয়ন্ত্রণে বুকিং প্রাপ্ত সুইপিং লেবারগণ সাধারণ শ্রমিক নামে অভিহিত হইবে।

## দ্বিতীয় তফসিল

[অনুচ্ছেদ ৫(১) দ্রষ্টব্য]

**চট্টগ্রাম ডক ওয়ার্কার্স ম্যানেজমেন্ট বোর্ড**

**চট্টগ্রাম বন্দর**

(সীল)

**আবেদনপত্রের ফরম**

| আবেদনকারীর ফটো |
|---|

১। পূর্ণ নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। ঠিকানা ঃ

(ক) স্থায়ী ঃ

(খ) স্থানীয় ঃ

(গ) বিগত পাঁচ বৎসর সময়কালের বাসস্থানের ঃ

৪। জন্ম তারিখ ঃ

৫। জন্মের স্থান ঃ

৬। উচ্চতা...................................ওজন.......................................

চুলের রং................................. চোখের রং.......................................

গঠন.......................................।

৭। ডক-শ্রমিকের শ্রেণী ঃ

৮। আবেদনকারী কখন হইতে বন্দরে কাজ করিতেছেন (প্রমাণসহ) ঃ

৯। শিক্ষাগত যোগ্যতা, যদি থাকে ঃ

| হইতে পর্যন্ত | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | মন্তব্য |
|---|---|---|
| | | |

কোন বিশেষ যোগ্যতা যেমন ঃ খেলাধুলা, ইত্যাদি নিম্নে উল্লেখ করা যাবে।

১০। বিগত পাঁচ বৎসর সময়কালে বর্তমান ও পূর্বের চাকুরী ; যদি থাকে,—

| হইতে পর্যন্ত | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | মন্তব্য |
|---|---|---|
| | | |

১১। ডক-শ্রমিক রেজিস্ট্রেশন অফিস কর্তৃক রেজিস্ট্রেশন কর্তন করা হইয়াছিল কিনা?

হাঁ ☐ না ☐

জবাব যদি হাঁ হয়, বিস্তারিত লিখুন.......................................

.......................................................................

১২। আপনি কি কখনও বন্দী হইয়াছিলেন ?

হাঁ ☐ না ☐

জবাব যদি হাঁ হয়, বিস্তারিত লিখুন.............................................

.................................................................

১৩। আত্মীয় নয় এমন তিনজন রেফারীর নাম ঃ

(১)

(২)

(৩)

[চরিত্রগত সার্টিফিকেট সংযোজনসহ প্রত্যেক আবেদনকারীকে স্বহস্তে নিবন্ধনের জন্য এই ফরমে সঠিক তথ্য প্রদানক্রমে, পূরণ করিতে হইবে।]

## চিহ্নিতকরণ রেকর্ড

এই ফরমে হাতের আঙ্গুলের ছাপ বন্দরের সিকিউরিটি ডিপার্টমেন্টের কোন কর্মচারী অথবা ডক-শ্রমিক রেজিস্ট্রেশন অফিস, ডক ওয়ার্কাস ম্যানেজমেন্ট বোর্ড হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী কর্তৃক নেওয়া হইবে।

### বাম হাত

| ১। বুড়ো আঙ্গুলের ছাপ | ২। ইনডেক্স আঙ্গুলের ছাপ | ৩। মধ্য আঙ্গুলের ছাপ | ৪। রিং আঙ্গুলের ছাপ | ৫। ছোট আঙ্গুলের ছাপ |
|---|---|---|---|---|
| | | | | |

### ডান হাত

| ১। বুড়ো আঙ্গুলের ছাপ | ২। ইনডেক্স আঙ্গুলের ছাপ | ৩। মধ্য আঙ্গুলের ছাপ | ৪। রিং আঙ্গুলের ছাপ | ৫। ছোট আঙ্গুলের ছাপ |
|---|---|---|---|---|
| | | | | |

(                    )

আঙ্গলের ছাপ গ্রহণকারীর স্বাক্ষর

১৪। আবেদনকারীর ঘোষণা ঃ

আমি ঘোষণা করিতেছি যে,—

(ক) আমি দেশের স্বার্থ বা শৃঙ্খলা ক্ষুণ্নকারী কোন কিছুতে কখনও অংশ গ্রহণ করি নাই;

(খ) আমি ডক-শ্রমিক হিসাবে নিবন্ধিত হইলে এই স্কীমের বিধান মানিয়া চলিব এবং আমার উপর অর্পিত সকল কার্য সম্পাদনে সচেতন থাকিব;

(গ) আবেদনে প্রদত্ত কোন কিছু মিথ্যা নয় এবং আমি স্বজ্ঞানে বুঝিয়া এই আবেদনপত্রে স্বাক্ষর করিয়াছি এবং আবেদনের তথ্য মিথ্যা প্রমাণিত হওয়া সাপেক্ষে প্রার্থীত নিবন্ধন বাতিল করা হইলে আমার কোন অভিযোগ থাকিবে না।

আবেদনকারীর স্বাক্ষর

অংশ-১

চট্টগ্রাম ডক ওর্য়াকার্স ম্যানেজমেন্ট বোর্ড

ডক-শ্রমিক নিবন্ধন অফিস

প্রতি

উপ-কমিশনার (পুলিশ),........................ মেট্রোপলিটন এলাকা

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা ............................. ।

নিম্নে উল্লিখিত ব্যক্তি সাময়িকভাবে বন্দর সংরক্ষিত এলাকা এবং সংরক্ষিত এলাকার বাহিরে ডক-শ্রমিক হিসাবে কাজ করিবার জন্য নিবন্ধিত হইয়াছেন। তাহার চরিত্র, পূর্ব-কাজকর্ম ইত্যাদি অনুগ্রহ করিয়া তদন্ত করিয়া রিপোর্ট প্রদানের অনুরোধ করা হইল।

পার্সোনেল এন্ড ওয়েলফেয়ার ম্যানেজার

চট্টগ্রাম ডক ওর্য়াকার্স ম্যানেজমেন্ট বোর্ড

অংশ-২

(পুলিশ কর্তৃপক্ষ কর্তৃক পূরণ করা হইবে)

নিম্নের এন্ট্রীগুলি স্পেশাল ব্রাঞ্চের পুলিশ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়ন করা হইবে ঃ

| প্রশ্ন | উত্তর |
|---|---|

১। তাহার চরিত্র সম্বন্ধে আপনি কি সন্তুষ্ট ?

২। বন্দর এলাকায় কাজ করিবার ব্যাপারে আবেদনকারী সম্বন্ধে আপত্তিকর কিছু আপনার নজরে পড়িয়াছে কি না ?

হাঁ ☐ না ☐

জবাব যদি হাঁ হয়, বিস্তারিত লিখুন ঃ

সীল ও স্বাক্ষর

## তৃতীয় তফসিল

(অনুচ্ছেদ ২০ দ্রষ্টব্য)

চট্টগ্রাম ডক ওর্য়াকার্স ম্যানেজমেন্ট বোর্ড

চট্টগ্রাম বন্দর, চট্টগ্রাম

(সীল)

আবেদনকারীর ফটো

**আবেদনপত্রের ফরম**

১। পূর্ণ নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। জন্ম তারিখ ঃ

৪। ঠিকানা ঃ

(ক) স্থায়ী ঃ

(খ) স্থানীয় ঃ

(গ) ব্যবসায়ের ঃ

৫। ব্যবসা প্রতিষ্ঠানের স্বরূপ (একক ব্যক্তি ঃ
পার্টনার শীপ, লিমিটেড কোম্পানী)
(প্রয়োজনীয় কাগজপত্র সংযোজিত করিতে হইবে)

৬। স্টিভিডোর/হ্যান্ডলিং ঠিকাদার লাইসেন্স এর আবেদন কখনও নামঞ্জুর করা হইয়াছিল কিনা বা উক্তরূপ লাইসেন্স কখনও স্থগিত করা হইয়াছিল কিনা ?

হাঁ ☐ না ☐

যদি উত্তর হাঁ হয়, সেক্ষেত্রে বিস্তারিত লিখুন ........................

..........................................

..........................................

৭। বন্দরের যে টার্মিনালে আবেদনকারী ব্যবসা করেন, উহার বিবরণ ঃ

| জেটি নং | মুরিং | আউটার এ্যাংকরেজ | শেড | ওয়ার হাউজ |
|---|---|---|---|---|
| | | | | |

৮। আবেদনকারী নিবন্ধিত হইবার পর কোন শিপিং এজেন্ট, কেরিয়ার বা বন্দর কর্তৃপক্ষসহ অন্য কোন সংস্থার সহিত সম্পাদিতব্য চুক্তির পক্ষ হইবেন কিনা, হইলে বিস্তারিত বিবরণ ঃ

৯। আবেদনকারীর বই, রেকর্ড, রেজিস্টার কোথায় সংরক্ষণ করা হয় । ঃ

১০। আর্থিক স্বচ্ছলতা সন্তোষজনক মর্মে প্রয়োজনীয় দলিল/কাগজাদি ঃ

১১। আবেদনকারীর যে সকল ব্যাংকে একাউন্ট রহিয়াছে সেই সকল ব্যাংক/শাখার নাম ও ঠিকানা ঃ

১২। আবেদনকারী বিদ্যমান নামে কখন হইতে এই বন্দরে নিয়োগকারী হিসাবে দায়িত্ব পালন করিতেছেন। ঃ

১৩। আপনি কোন শ্রেণীর ডক-শ্রমিক নিয়োগ করেন ? ঃ

১৪। আবেদনকারীর দখলে থাকা কার্গো হ্যান্ডলিং গিয়ারের তালিকা এবং সেগুলি কোথায় রাখা হইয়াছে ? ঃ

১৫। প্রতিদিন/কয়েকদিন অন্তর আবেদনকারী গড়ে কোন শ্রেণীর কতজন শ্রমিককের চাহিদা পেশ করেন। ঃ

১৬। আবেদনকারীর বিরুদ্ধে মজুরী অনাদায়ী রাখার কোন অভিযোগ আছে কিনা ?

হাঁ ☐ না ☐

যদি উত্তর হাঁ হয়, সেক্ষেত্রে কর্তৃপক্ষের পরিচালক (পরিবহন)এর বিস্তারিত প্রতিবেদন।......

১৭। বন্দর কর্তৃপক্ষ ও ডক-শ্রমিক এর মজুরীর বিপরীতে বা আবেদনকারী চাঁদা প্রদান করেন এমন কোন ফান্ডে চাঁদা প্রদান বাবদ আবেদনকারীর নিকট কোন পাওনা আছে কিনা ? যদি থাকে, কি বাবত পাওনা, সেই ব্যাপারে বন্দর কর্তৃপক্ষের পরিচালক (পরিবহন) এবং চীফ ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসার এর মন্তব্য নিম্নের কলামে দিতে হবে ঃ

| | |
|---|---|
| পরিচালক (পরিবহন) | |
| চীফ ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসার | |

স্বাক্ষর

স্বাক্ষর

১৮। আবেদনকারীর ফার্মের অর্গানাইজেশ চার্ট সংযোজন করিতে হইবে ঃ

১৯। মাসিক বেতনে কতজন কর্মচারী আবেদনকারী নিয়োগ করিয়াছেন বা করিতে চান ? বেতন এবং ওয়েজ ব্যতীত আবেদনকারী তাহার কর্মচারীদিগকে অন্যান্য কি সুবিধা দিয়া থাকেন ? এই সকল কর্মচারীকে ওয়েজ, ইত্যাদি প্রদানের পদ্ধতি কি ?

২০। বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত স্টিভিডোরিং লাইসেন্স এর নম্বর (অনুলিপি সংযোজন করিতে হইবে)।

২১। সংস্থার কর্মকর্তাদের নাম ও বাসস্থান ঃ

| নাম | বাসস্থান | অফিসারের পদবী |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |

২২। আবেদনকারী কোম্পানী হইলে, উহার পরিচালকদের নাম ও বাসস্থান ঃ

| নাম | বাসস্থান | অফিসারের পদবী |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |

২৩। আবেদনকারী ফার্ম হইলে, উহার অংশীদারদের নাম ও বাসস্থান ঃ

| নাম | বাসস্থান |
|---|---|
| ১। | |
| ২। | |
| ৩। | |

২৪। আবেদনকারীর ঘোষণা ঃ—

আমি ঘোষণা করিতেছি যে—

(ক) উপরে বর্ণিত স্টেটমেন্ট আমার বিশ্বাস মতে সঠিক ;

(খ) নিয়োগকারী হিসাবে নিবন্ধিত হইলে আমি এই স্কীমের অধীন একজন নিয়োগকারীর উপর অর্পিত সকল দায়িত্ব পালন করিব ;

(গ) আবেদনে প্রদত্ত কোন কিছু মিথ্যা নয় এবং আমি স্বজ্ঞানে বুঝিয়া এই আবেদনপত্রে স্বাক্ষর করিয়াছি এবং আবেদনের তথ্য মিথ্যা প্রমাণিত হওয়া সাপেক্ষে প্রার্থীত নিবন্ধন বাতিল করা হইলে আমার কোন অভিযোগ থাকিবে না।

আবেদনকারীর স্বাক্ষর ঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে
**সদর উদ্দিন আহমেদ**
উপ-সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।